

৪. ভারত ও পারস্যের অস্তরের যোগাযোগ স্মরণ ও উদ্ঘাটনই রবীন্দ্রনাথের পারস্য-ভ্রমণকথার প্রধান অঙ্কিত। এই মন্তব্যকে যুক্তিসহ বিচার করো। ১০

৫. রবীন্দ্রনাথের চীন সফর নানা কারণেই ছিল বিতর্কিত। এই বিতর্কের কারণগুলি যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

৬. সুমাত্রা, জাভা, বালিদ্বীপ ভ্রমণের সময় রবীন্দ্রনাথ যে কবিতাগুলি লিখেছিলেন তার মধ্যে কবিমানসের কোন্ বিশেষ দিকটি প্রকাশিত হয়েছে বলে তোমার মনে হয়? ১০

৭. ইউরোপীয় সংগীত রবীন্দ্রনাথের উপরে কী ধরনের প্রভাব ফেলেছিল, সে বিষয়ে নীতিদীর্ঘ আলোচনা করো। ১০

অথবা

৮. ‘সোনার কাঠি’ প্রবন্ধে রবীন্দ্রনাথ এক ইউরোপকে বরণ করে নেবার কথা বলেছিলেন, ‘সভ্যতার সংকট’ প্রবন্ধে ধিক্কার জানালেন এক ইউরোপকে। এর মধ্যে কি কোনো স্ববিरोধ আছে বলে তুমি মনে কর? বিষয়টা নিজের ভাষায় বুঝিয়ে লেখো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমিস্টার)

বিভাগ বাংলা

ঐচ্ছিকপত্র রবীন্দ্র মনন ও বিভিন্ন সংস্কৃতি

কোর্স পি.জি. - ৩.৫৫বি

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. ‘রামায়ণ’ আর ‘মহাভারত’কে রবীন্দ্রনাথ কাব্য হিসেবে পড়েছেন, ইতিহাস হিসেবেও পড়েছেন। উদাহরণসহ কথটি বুঝিয়ে দাও। ১০

অথবা

২. রবীন্দ্রনাথ উপনিষদ পড়েছেন ‘ভক্ত’ হয়ে নয়, একজন আধুনিক মানবতাবাদী কবি হয়েই। এই মন্তব্যের সঙ্গে কি তুমি একমত হবে? বুঝিয়ে লেখো। ১০

৩. পারস্য-ভ্রমণের বিবরণীতে রবীন্দ্রনাথ পারস্য-কবিদের প্রসঙ্গ এনেছেন বারবার। সেই কবিদের প্রতি তাঁর প্রীতি ও প্রণতি কীভাবে প্রকাশিত হয়েছে, তাঁর ভ্রমণকথা অবলম্বনে তা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

(Turn over)